# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।

ফোন ঃ +৮৮০২২২৩৩৮৩১৬৫;
ই-মেইল ঃ
dgmrecovery@krishibank.org.bd


নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২৫-২০২৬/ ৬৫৩ তারিখঃ ০২-০৪-২০২৬ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**ই-মেইলযোগে**

**বিষয়ঃ** আগামী ০৬ এপ্রিল হতে ১৫ এপ্রিল, ২০২৬ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী গ্রহণ এবং ১৫ এপ্রিল, ২০২৬ তারিখে সকল শাখায় একযোগে 'শুভ হালখাতা' অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

শিরোনামের বিষয়ে ঋণ আদায় বিভাগের গত ১৩/০৮/২০২৫ তারিখের পত্র নং ৯৭(১) এর মাধ্যমে প্রণীত "বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার"এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নির্ধারিত ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আগামী ০৬ এপ্রিল হতে ১৫ এপ্রিল, ২০২৬ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী গ্রহণ এবং আগামী ১৫ এপ্রিল, ২০২৬ তারিখে ব্যাংকের সকল শাখায় একযোগে ''শুভ হালখাতা " অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদান করেছেন।

০৩। ''শুভ হালখাতা " উপলক্ষে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে ঋণ আদায়, বিতরণ এবং আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারণ করে দেয়া হলো। বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কার্যালয়সমূহের মধ্যে এই লক্ষ্যমাত্রা আগামী ০৫-০৪-২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে বন্টন নিশ্চিত করবেন।

০৪। কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ

(ক) 'শুভ হালখাতা' অনুষ্ঠান সফল করার লক্ষ্যে খেলাপি ঋণ ঋণগ্রহীতাদের অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানাতে হবে। শাখাকে রঙ্গিন পোস্টার/ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টিসহ শামিয়ানা টানিয়ে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে এবং ব্যাংকের সেবাসমূহের প্রচারণামূলক কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি ঋণ আদায়, বিতরণ ও আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে;

(খ) প্রতিটি শাখায় দর্শনীয় স্থানে উপরোক্ত 'শুভ হালখাতা' অনুষ্ঠান আয়োজন সম্বলিত ৬ ফুট × ২১/২ ফুট মাপের ব্যানার টানাতে হবে। হালখাতার নোটিশ স্থানীয় মুখ্য কার্যালয় এবং কর্পোরেট শাখা সমূহ নিজ উদ্যোগে তৈরী/মুদ্রণ এবং শাখা সমুহের ব্যানার ও নোটিশ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক সরবরাহ করতে হবে;

(গ) উক্ত কর্মসূচীতে স্থানীয় প্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাগণকে, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে।

০৫। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ 'শুভ হালখাতা' অর্জন সংক্রান্ত সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ১৫-০৪-২০২৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ই-মেইলযোগে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৬। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক 'শুভ হালখাতা' কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

Rashid 2.4.26

(মোঃ মামুনুর রশীদ)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২৫-২০২৬/ ৬৫৩(০৬) তারিখঃ ০২-০৪-২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সকল প্রমোটর, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বিকেবি।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বিকেবি।

02/04/2026

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

**প্রধান কার্যালয়, ঢাকা।**

**ঋণ আদায় বিভাগ।**

বিষয়ঃ আগামী ০৬ এপ্রিল হতে ১৫ এপ্রিল, ২০২৬ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী এবং ১৫ এপ্রিল, ২০২৬ তারিখে সকল শাখায় একযোগে 'শুভ হালখাতা' অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদ আদায় | অবলোপনকৃত ঋণ আদায় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণিকৃত ঋণ | এনসিএল | শ্রেণিযোগ্য -8 ঋণ | | | |
| ১ | ২ | ৩ | 8 | ৫ | ৬ | ৭ | ৮(৫+৬+৭) | ৯ | ১০ |
| ১ | ঢাকা | 8৮০.০০ | ৫০০.০০ | ২১০.০০ | ১০০.০০ | ১8০.০০ | 8৫০.০০ | ৭৫.০০ | ১.৫০ |
| ২ | ময়মনসিংহ | ২৩০.০০ | 8০০.০০ | ২০০.০০ | ১8০.০০ | ১৬৫.০০ | ৫০৫.০০ | 8০.০০ | ০.২০ |
| ৩ | চট্টগ্রাম | ২০০.০০ | 8০০.০০ | ৮০.০০ | ৫০.০০ | ৮০.০০ | ২১০.০০ | ২০.০০ | ০.8০ |
| 8 | খুলনা | ২২০.০০ | ২৫০.০০ | ৭০.০০ | ১২০.০০ | ১২৫.০০ | ৩১৫.০০ | ৫.০০ | ০.২৫ |
| ৫ | বরিশাল | ২১০.০০ | ২৫০.০০ | ১৫০.০০ | ১8০.০০ | ১২০.০০ | 8১০.০০ | ২০.০০ | ০.১০ |
| ৬ | সিলেট | 8২০.০০ | 8০০.০০ | ৬০.০০ | ১০০.০০ | ৬০.০০ | ২২০.০০ | ১৫.০০ | ০.১০ |
| ৭ | কুমিল্লা | 8০০.০০ | 8০০.০০ | ১০০.০০ | ৯০.০০ | ১২০.০০ | ৩১০.০০ | ৩৫.০০ | ০.১৫ |
| ৮ | ফরিদপুর | ১৬০.০০ | ২০০.০০ | 8০.০০ | ৮৫.০০ | ৯০.০০ | ২১৫.০০ | ৭.০০ | ০.১০ |
| ৯ | কুষ্টিয়া | ১৮০.০০ | ২০০.০০ | ৩৫.০০ | ৭০.০০ | ১০০.০০ | ২০৫.০০ | ৩.০০ | ০.১০ |
| ১০ | এলপিও | ৫০০.০০ | ১০০০.০০ | ৭০.০০ | ৫.০০ | ৮৫.০০ | ১৬০.০০ | ৩০.০০ | ০.১০ |
| | **সর্বমোট ঃ** | **৩০০০.০০** | **8০০০.০০** | **১০১৫.০০** | **৯০০.০০** | **১০৮৫.০০** | **৩০০০.০০** | **২৫০.০০** | **৩.০০** |

02.04.2026

(মোঃ মাহমুদুল হাসান ভুঁইয়া)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

02/04/2026

(মুসলিমা জাহান)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## বিভাগীয় কার্যালয়-------------- ।

বিষয়ঃ ০৬ এপ্রিল হতে ১৫ এপ্রিল, ২০২৬ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী এবং ১৫ এপ্রিল, ২০২৬ তারিখে 'শুভ হালখাতা' অনুষ্ঠানের অর্জন সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শ্রেণীকৃত ঋণ | | এনসিএল | | মোট শ্রেণীকৃত ঋণ | | শ্রেণীযোগ্য-৪ | | মোট ঋণ আদায় | | | | |
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | হার |
| | | | | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | | নগদ | সমন্বয় | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭(৩+৫) | ৮(৪+৬ ) | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ০ | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | | ০.০০ | ০.০০ | #জউঋ! | | | | #জউঋ! |